

পরিকল্প নং-১০৭  
জীবন বন্ধু-(বোনাসসহ)

দুর্দিনে কেহ

বন্ধু নাহি হয়

সত্যিকার বন্ধু হবে

যদি “জীবন বন্ধু” রয়।

জীবনে চাহিদার নিরন্তর পরিবর্তন ঘটছে। আজ যে প্রয়োজনের কথা চিন্তা করে আপনি জীবন বীমা পলিসি নিচ্ছেন তা হয়তো ভবিষ্যতে পরিবর্তিত হতে পারে। ভবিষ্যতের চাহিদার সাথে সামঞ্জস্য রাখতে আপনি হয়তো আপনার পলিসির সুবিধাসমূহও পরিবর্তন করতে চাইবেন। কিন্তু প্রায় ক্ষেত্রে দেখা যায় একবার পলিসি গ্রহণ করলে পরবর্তীতে সেই পলিসিতে কোন পরিবর্তনের সুযোগ থাকে না। পলিসি গ্রাহকদের এ অসুবিধার কথা চিন্তা করে প্রগতি লাইফ আকর্ষণীয় এ পরিকল্প গুরু করেছে যেখানে আপনি চাহিদা অনুযায়ী যে কোন পরিবর্তন করতে পারবেন। যদি নিম্নলিখিত অপশন অনুযায়ী পলিসিতে কোন পরিবর্তন না করা হয় তবে মেয়াদকালীন সময়ে বীমাকৃতের মৃত্যুতে মনোনীতক পাবেন মৃত্যুদিন পর্যন্ত অর্জিত বোনাসসহ সম্পূর্ণ বীমা অংক এবং মেয়াদান্তে বেঁচে থাকলে বীমাকৃত পাবেন প্রত্যাশিত বোনাসসহ সম্পূর্ণ বীমা অংক। পলিসি ৪ (চার) বছর চালানোর পর পলিসি গ্রাহক তার পলিসিতে চাহিদা অনুযায়ী নিম্নোক্ত অপশনের (বিকল্প) আওতায় যে কোন পরিবর্তন আনতে পারেন :

পলিসির মেয়াদ কমপক্ষে ৪(চার) বছর অতিক্রান্ত হওয়ার পর মূল সিডিউলে বর্ণিত সুবিধাদি ছাড়াও এ পরিকল্পের অধীনে আনুসঙ্গিক সুবিধা হিসাবে গ্রাহকের আবেদনক্রমে নিম্নোক্ত বিকল্পসমূহের আওতায় যে কোন পরিবর্তন করা যায়।

**বিকল্প-১ :** আর কোন প্রিমিয়াম জমা না দিয়েও বীমার বাকী মেয়াদের জন্য পুরো বীমা অংকের ঝুঁকি সুবিধা পাওয়া যায়। এবং মেয়াদান্তে জীবিত থাকলে বোনাসসহ প্রদত্ত প্রিমিয়াম ফেরত পাওয়া যায়।

**বিকল্প-২ :** আর কোন প্রিমিয়াম জমা না দিয়েও বাকী মেয়াদ পর্যন্ত অতিরিক্ত বীমা অংকের ঝুঁকি সুবিধা পাওয়া যায়। তবে এক্ষেত্রে মেয়াদ পূর্তিতে কোন প্রিমিয়াম ফেরত যোগ্য হবে না এবং গ্রাহকের এ সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে বর্ধিত বীমা অংক কত হবে এ ব্যাপারে কর্তৃপক্ষই সিদ্ধান্ত প্রদান করবেন।

**বিকল্প-৩ :** আর কোন প্রিমিয়াম জমা না দিয়েও মেয়াদ বৃদ্ধি করে সম্পূর্ণ বীমা অংকের সুবিধা পাওয়া যায়। তবে এক্ষেত্রে মেয়াদ পূর্তিতে কোন প্রিমিয়াম ফেরত যোগ্য হবে না এবং গ্রাহকের এ সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে বর্ধিত বীমা অংক কত হবে এ ব্যাপারে কর্তৃপক্ষই সিদ্ধান্ত প্রদান করবেন।

বীমা অংকের পরিমাণ অথবা বীমার মেয়াদ বাড়ানো এবং নতুন পরিকল্প গ্রহণ সম্পর্কিত পরিবর্তনগুলো কোম্পানী শর্ত ও বিধিনিষেধের আওতার মধ্যে থাকতে হবে। বীমা অংকের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেলে কোম্পানী নতুন করে স্বাস্থ্য পরীক্ষা দাবী করতে পারে। এ বীমার সাথে এডিবি, পিডিএবি সহযোগী বীমাও নেয়া যাবে।